



প্রার্থনা অনন্ত কল্যাণের উৎস। তাই নিজের প্রার্থনার পাশাপাশি সবার জন্যে প্রার্থনা করুন। অন্যের জন্যে প্রার্থনা এক উত্তম দান। অন্যের জন্যে যা প্রার্থনা করবেন, স্রষ্টা তা শতগুণে ফিরিয়ে দেবেন আপনাকে। সুযোগ পেলেই পরিবারের জন্যে, পরিচিতদের জন্যে, মৃতের জন্যে, দেশের জন্যে, মজলুমের জন্যে প্রার্থনা করুন। কল্যাণের ফলধারায় সঞ্জীবিত হবে আপনার জীবন।

মা-বাবার কল্যাণ

৩৩. হে মহামহান! করুণানিধান! তোমারই মহিমার নিদর্শন হিসেবে মা-বাবার মাধ্যমে আমাকে পাঠিয়েছো এই বর্ণিল পৃথিবীতে। শৈশবে তারাই আমাকে লালন করেছেন। কৈশোরে তারাই শিক্ষার ব্যবস্থা করেছেন। যৌবনে তারাই আমার পেশা, আমার পরিচয় সৃষ্টিতে সর্বাঙ্গিক সাহায্য করেছেন। প্রভু হে! তুমি আমার মা-বাবাকে আমৃত্যু সুস্থ রাখো। সকল দুঃখ-কষ্ট ও বালা-মুসিবত থেকে সালামাত রাখো। সবসময় সৎকর্মে নিয়োজিত রাখো। বিশ্বাসী ও সৎকর্মশীল হিসেবে দুনিয়া ও আখেরাতে তুমি তাদের পুরস্কৃত কর। রাজ হাশরে তুমি তোমার প্রিয় বান্দাদের তালিকায় তাদের নাম অন্তর্ভুক্ত কর।

নবজাতককে দেখে

৩৪. হে মহান স্রষ্টা! তোমার করুণায় লালিত হয়ে এ শিশু পৃথিবীতে এসেছে। প্রভু হে! তুমি একে দান কর সুস্থ দেহ, সুন্দর মন, অনন্ত যৌবন, বিকশিত মেধায় সৃষ্টির সেবায় উৎসর্গীকৃত প্রাণোচ্ছল এক দীর্ঘ জীবন। অনন্য মানুষ হিসেবে সে হোক তোমার কুদরতের এক উজ্জ্বল নিদর্শন। আমিন!

পরিবারের জন্যে

৩৫. হে আমার প্রতিপালক! পরিবারের সবাইকে শোকগোজার স্রষ্টা-সচেতন অনন্য মানুষ হওয়ার তওফিক দাও! আমাদের সুখী সমৃদ্ধ ও দরদী পরিবারে পরিণত কর। পারস্পরিক মমতা বাড়িয়ে দাও। সৃষ্টির সেবা করার জন্যে সবার মেধাকে বিকশিত কর। তোমার রহমতের ছায়ায় সুরক্ষিত হোক আমাদের পরিবার।

আহারের আগে

৩৬. হে করুণাময়! তোমারই নেয়ামত এখন আমাদের সামনে। এত ভালো খাবার এখন অনেকের সামনেই নেই। এই সুস্বাদু খাবারের জন্যে তুমি আমাদের শুকরিয়া গ্রহণ কর। আমাদের সুস্বাস্থ্য ও প্রাচুর্য দান কর। সত্যের আলোয় আলোকিত কর। আমিন!

আহারের শেষে

৩৭. আলহামদুলিল্লাহ! সকল প্রশংসা আল্লাহর। তিনিই রিজিকদাতা! তিনি আমাদের পানাহার করিয়েছেন এবং বিশ্বাসীদের অন্তর্ভুক্ত করেছেন।

আপ্যায়নকারীর জন্যে

৩৮. হে করুণাময়! হে রিজিকদাতা! আমাদের মেজবানকে বেহিসাব রিজিক দান কর। তার ওপর সবসময় ক্ষমা ও করুণা বর্ষণ কর।

বিয়ের অনুষ্ঠানে

৩৯. মহামহান সর্বশক্তিমান হে স্রষ্টা! তুমি সবকিছুই জোড়ায় জোড়ায় সৃষ্টি করেছ। হে মহামিলনের মালিক! নবদম্পতির বন্ধনকে তুমি আনন্দময় স্থায়ী আত্মিক মিলনে রূপান্তরিত কর। তাদের পরস্পরের প্রতি বিশ্বস্ত ও সমমর্মী থাকার তওফিক দান কর। উভয় পরিবারের মধ্যে গভীর হৃদয়তা সৃষ্টি কর। তাদের মানবীয় গুণাবলিতে প্রোজ্জ্বল মেধাবী সন্তান দান কর। তাদের পরিবারকে সমৃদ্ধ ও সৃষ্টির সেবায় নিবেদিত পরিবারে রূপান্তরিত কর। আমিন!

অন্যের রোগমুক্তি

৪০. হে নিরাময়কারী! হে দয়াময়! তুমি এর কষ্ট দূর করে দাও। তুমি একে পূর্ণ নিরাময় দান কর। দান কর সুস্থ সুন্দর দীর্ঘ জীবন। আমিন!

মৃতের জন্যে

৪১. হে প্রভু! আমাদের জীবিত ও মৃত, উপস্থিত ও অনুপস্থিত, ছোট ও বড়, নারী ও পুরুষ- সবাইকে ক্ষমা কর, আমাদের জীবিতদের বিশ্বাসী হিসেবে জীবিত রাখো আর মৃত্যুর সময় বিশ্বাসী হিসেবে মৃত্যু দাও। তোমার পুরস্কার থেকে কাউকে বঞ্চিত করো না। আমাদের কাউকে পথভ্রষ্ট করো না। নিঃসন্দেহে তুমি অনন্ত অসীম! দয়াময়! ক্ষমাশীল!

৪২. হে প্রভু! তাকে ক্ষমা কর। বিশ্বাসীদের মাঝে তাকে উচ্চ মর্যাদা দান কর। তার জীবিত উত্তরসূরিদের জন্যে তুমি আশ্রয়স্থল হও। মহাবিশ্বের প্রতিপালক হে প্রভু! তার মহাজাগতিক সফরের পরবর্তী ধাপকে অনন্ত আনন্দে ভরিয়ে দাও। তাকে 'নূর'-এর আলোয় উদ্ভাসিত কর।

ব্যবসায় সাফল্য

৪৩. হে আল্লাহ! হে সকল সম্পদের মালিক! তুমি আমার ব্যবসায় শিল্প কারখানায় বরকত দান কর। সবচেয়ে ভালো পণ্য উৎপাদন ও বিপণনে সাফল্য দান কর। কর্মীদের যোগ্য, দক্ষ ও প্রতিষ্ঠানের সাথে একাত্ম কর। প্রতিষ্ঠানের সাথে সাথে তাদের জীবনও প্রশান্তি সাফল্য ও প্রাচুর্যে ভরিয়ে দাও।

চাকরিতে সাফল্য

৪৪. হে আমার প্রতিপালক! কর্মস্থলে মেধাকে কাজে লাগানোর সুযোগ আমাকে দাও। আমি যেন পদস্থদের আনুকূল্য সহকর্মীদের সমমর্মিতা আর অধীনস্থদের সহযোগিতায় দক্ষতার সাথে দায়িত্ব পালন করতে পারি। পদোন্নতি, সুযোগ-সুবিধা ও অবদানে সার্থক কর আমার কর্মজীবন।

আত্মশুদ্ধি-আত্মোপলব্ধি

৪৫. হে মহাপবিত্র সত্তা! সর্বশক্তির আধার! তুমিই আমাকে সৃষ্টি করেছ। আমাকে সত্য-মিথ্যার পার্থক্য বোঝার জ্ঞান দান করেছ। এখন আমাকে সত্যপথে চলার শক্তি দাও। মিথ্যা অন্যায্য গীবত ঈর্ষা ক্ষোভ ঘৃণা লোভ আলস্য কুপণতা অহম অপচয় ও আসক্তি থেকে মুক্ত রাখো। প্রতিদিন নিয়মিত মেডিটেশন, আত্মশক্তিকে বিকশিত এবং নিজেকে উপলব্ধি করার ক্ষমতা দাও। তুমি মহাপবিত্র! সর্বশক্তিমান! করুণানিধান! আমাকে কালজয়ী অনন্য মানুষে পরিণত কর।

ভুলে যাওয়া বিষয় মনে করা

৪৬. হে সর্বজ্ঞ! হে অন্তর্যামী! তুমি সব জানো। এ বিষয়ে আমাকে সঠিক তথ্য ও দিক-নির্দেশনা প্রদান কর।

বাজারে প্রবেশ

৪৭. হে বিশ্ব জাহানের প্রতিপালক! বাজারে প্রবেশক্ষণে আমি তোমার কাছে বাজারের কল্যাণকর লেনদেনে বরকত আর ক্ষতিকর লেনদেন হতে তোমার আশ্রয় প্রার্থনা করছি। প্রভু হে! ওজনে কম-বেশি, ত্রুটিপূর্ণ বা ক্ষতিকর পণ্য কেনা-বেচা ও যেকোনো প্রতারণা থেকে আমাকে মুক্ত রাখো। আমার কেনাকাটায় তুমি অফুরন্ত বরকত দান কর।

নেতিবাচক চিন্তা দূর

৪৮. হে মহামহান! সর্বশক্তিমান! শঙ্কাহীন নির্ভীক! অমূলক ভয়ভীতি, নেতিবাচক চিন্তা ও কথার প্রভাব ও প্রতিক্রিয়া থেকে আমাকে সবসময় মুক্ত রাখো। সাহসে বিশ্বাসে ইতিবাচক চিন্তায় ও কাজে আমাকে কর অনন্য। তুমি মহামহান! সর্বত্র বিরাজমান!

দেশ-মানুষের জন্যে

৪৯. প্রভু হে! তুমি সকল ক্ষমতার মালিক। তুমি যাকে ইচ্ছা ক্ষমতা দান কর। যাকে ইচ্ছা ক্ষমতাচ্যুত কর। তুমি সৎ বিচক্ষণ দেশপ্রেমিক নেতৃত্বকে ক্ষমতা দাও। তুমি মুসলমান হিন্দু বৌদ্ধ খ্রিস্টান আদিবাসী পাহাড়ি ধনী গরিব দল মত নির্বিশেষে সবার মধ্যে দেশপ্রেম জাগিয়ে দাও। আমাদের মেধাকে বিকশিত কর। জ্ঞান দক্ষতা ও প্রযুক্তিতে কর অনন্য। সমৃদ্ধি ও প্রাচুর্যে ভরিয়ে দাও আমাদের জীবন। আমাদের উন্নীত কর মানবিক মহাসমাজে, বিশ্বকে নেতৃত্ব দানকারী নৈতিক মহাশক্তিতে। তুমি সর্বশক্তিমান! ক্ষমতানিধান! দয়াময়! মেহেরবান!

৫০. হে আল্লাহ! আমরা তোমার! তোমার কাছ থেকে এসেছি। তোমার কাছেই ফিরে যাবো।

সমর্পণ

আমার ত্যাগ আমার স্মরণ
আমার মেধা আমার মনন
আমার কলম আমার বচন
আমার শক্তি আমার ধন
আমার জীবন আমার মরণ
আমার সবকিছুই মহাবিশ্বের প্রতিপালক
হে আল্লাহ! তোমায় করছি সমর্পণ।
অনন্ত অসীম দয়াময় প্রভু তুমি নিরঞ্জন!
তোমার রহমতের ছায়ায় আমায়
রাখো প্রতিক্ষণ।



কোয়ান্টাম ফাউন্ডেশন

কেন্দ্রীয় দফতর :

১১৯/পি শান্তিনগর (দোতলা), ঢাকা-১২১৭।
ফোন : ৯৩৪১৪৪১, ৮৩১৯৩৭৭, ০১৭১১-৬৭১৮৫৮
চট্টগ্রাম : ০৩১-৬৫৩৬৮৮, ০১৭১১-৩৯৩০১০
সিলেট : ০৮২১-৭১১৬১২, ০১৭১১-২৮০৬৫২
রাজশাহী : ০৭২১-৭৭১৫৫০, ০১৭১১-১০৪২৮৯
মিরপুর : ৮০৬১০৭৫, ০১৭১৭-১৪৪৭২৪
E-Mail : info@quanfey.org
Web Site : www.quantummethod.org

April 2007 ■ WINDOWS ■ 01720-515925

আসুন প্রার্থনা করি

৩

মহাজাতক